# পরিচালকবন্দের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

হাইব্রীড সিস্টেমে অনষ্ঠিত ৪৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত এবং সংযক্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণ, পরিচালকমন্ডলী ও সহকর্মী এবং অতিথিবন্দ। আস্‌সালাম আলাইকম।

**১। কোম্পানির কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পর্যালোচনা ঃ**

আজিজ পাইপস্ লিমিটেড গুনগত মাণসম্পন্ন ইউপিভিসি পাইপ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে বিগত ৪০ বছর যাবত উৎপাদন কার্যক্রম পরিচালনা করে আসছে। আপনারা অবগত আছেন যে, বিগত ২০১৬-১৭ থেকে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত কোম্পানি মনাফা অর্জন করায় যথাক্রমে ৫% স্টক, ৫% স্টক এবং ৭% নগদ ১% নগদ লভ্যাংশ প্রদান করেছে। বিগত বছরগুলোতে সষ্ঠভাবে কোম্পানির কার্যক্রম পরিচালিত হলেও করোনা ভাইরাসের প্রার্দভাব, যদ্ধ পরিস্থিতি পরবর্তী সময়ে কোম্পানির উৎপাদন বেশীরভাগ সময় বন্ধ থাকে। চলতি মলধনের অভাবে নিজস্ব অর্থায়ানে কাচামাল আমদানি করতে না পারায় স্থানীয় বাজার থেকে বাকীতে কাচামাল ক্রয়ের ফলে সরবরাহের ধারাবাহিকতা না থাকায় উৎপাদন ও বিক্রয় কার্যক্রম বন্ধ থাকায় কোম্পানি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। কোম্পানির ৩০ জন ২০২৫ তারিখে সমাপ্ত অর্থবছরে ৫,৪১,৩৯,২০১/- টাকা নীট লোকসান হয়েছে। কোম্পানি ঋণখেলাপী হওয়ায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে আর্থিক সবিধা না পাওয়ায়, চলতি মলধনের অভাব, ঋণ দায়গ্রস্থসহ নানা প্রতিকলতায় বতর্মানে কোম্পানীর উৎপাদন কার্যক্রম বন্ধ আছে।

**২। আর্থিক ফলাফল ঃ**

৩০ জন ২০২৫ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফল এবং পাচ বৎসরের আর্থিক ফলাফলের একটি তলনামলক চিত্র নিম্নে তলে ধরা হলো ঃ

(টাকায়)

| বিবরণ | ৩০ জন ২০২৫ | ৩০ জন ২০২৪ | ৩০ জন ২০২৩ | ৩০ জন ২০২২ | ৩০ জন ২০২১ | ৩০ জন ২০২০ |
|---|---|---|---|---|---|---|
| ১। বিক্রয় | ১০,০৮,৭৪৭ | ৪,৯৮,৮৫,০৫১ | ৫,৯২,১০,২৭৪ | ১,৫৫,৭৭,৭২৯ | ১৫২,৩৮৭,৯১৫ | ২২৭,০৭৫,৬৮৭ |
| ২। বাদঃ বিক্রিত পণ্যের ব্যয় | ১,২১,২০,৩৫২ | ৬,৯১,৬৩,৭০০ | ৮,০২,৩৩,৮৩৯ | ২৯,৪৬,৩৩৭ | ১৩৪,৯৫৩,১১৩ | ১৯৫,৪৪১,১০২ |
| ৩। মোট লাভ/(ক্ষতি) (১-২) | (১,১১,১১,৬০৫) | (১,৯২,৭৮,৬৫০) | (২,১০,২৩,৫৬৫) | (১,২৬,৩১,৩৯২) | ১৭,৪৩৪,৮০২ | ৩১,৬৩৪,৫৮৫ |
| ৪। বাদঃ পরিচালন খরচ | ৪,৩৩,৩৬,৭৯২ | ১,২৯,৭৬,১৭৪ | ১,৫৫,৬৭,৩০১ | ১,৩০,৯৩,৪৯৬/- | ২২,৭০৯,২৮৯ | ২৯,৪১৬,১২৪ |
| ৫। পরিচালন লাভ/(ক্ষতি) (৩-৪) | (৫,৪৪,৪৮,৩৯৭) | (৩,২২,৫৪,৮২২) | (৩,৬৫,৯০,৮৬৬) | (২,৫৭,২৪,৮৮৭) | (৫,২৭৪,৪৮৭) | ২,২১৮,৪৬১ |
| ৬। প্রাক উৎপাদন খরচ সমন্বয় | - | - | - | - | - | - |
| ৭। বাদঃ শ্রমিকদের মনাফা তহবিল | - | - | - | - | - | ১০৫,৯৪৬ |
| ৮। বাদঃ আয়কর সঞ্চিতি | (৩,০৯,১৯৬) | (৭,০৩১) | ৭২,৬২৪ | (১৫,৮৪,৬৪৯) | (১,১১৮,২৯৫) | ৭২৭,৫৯৬ |
| ৯। পর্ববর্তী বছরের সমন্বয় | - | - | - | - | - | - |
| ১০। নীট লাভ/(ক্ষতি) | (৫,৪১,৩৯,২০১) | (৩,২২,৪৭,৭৯১) | (৩,৬৭,১১,৯৭৭) | (২,৪২,৮৭,২২২) | (৪,৩৯৩,৩০৭) | ১,৩৯১,৩১৮ |
| ১১। শেয়ার প্রতি আয় | (১০.১২) | (৬.০৩) | (৬.৮৭) | (৪.৪৫) | (০.৮২) | .২৬ |

**৩। নীট লোকসান ঃ** ২০২৪-২০২৫ আর্থিক বছরে কোম্পানির ৫,৪১,৩৯,২০১/- টাকা নীট লোকসান হয়েছে।

**৪। লভ্যাংশঃ** ২০২৪-২০২৫ আর্থিক বছরে কোম্পানি ৫,৪১,৩৯,২০১/- টাকা নীট লোকসান করেছে। এবছরে নীট লোকসান হওয়ায় পঞ্জীভত লোকসানের পরিমান ৫৯,৯৩,৯৪,১১৪/- টাকা। ফলে এ আর্থিক বছরে লভ্যাংশ ঘোষণা করা হয়নি।

**৫। অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঃ** চলতি আর্থিক বছরে অন্তর্বর্তীকালীন সময়ে লভ্যাংশ প্রদানের মত মনাফা অর্জিত না হওয়ায় অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদান করা হয়নি।

**৬। পরিকল্পনা বাস্তবায়নঃ** পরিচালনা পর্ষদে কোম্পানির উন্নয়নকল্পে গহীত পরিকল্পনাসমহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নে বর্ণিত হলঃ

ক) ঋণ পনঃতফশিলিকরণ এবং চলতি মলধনের ব্যবস্থা করার জন্য প্রচেষ্টা অব্যাহত আছে।

খ) পরিচালনব্যয় কমানোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যা এখনও অব্যাহত আছে। নির্দিষ্ট সংখ্যক জনবল কাজ করায় বেতন ভাতাদি কমার ফলে আর্থিক সাশ্রয় হয়েছে।

গ) ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর জারী মামলা চলমান রয়েছে। ব্যাংক ও গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ সমন্বয়ের আলোচনা অব্যাহত আছে।

ঘ) উত্তরা ব্যাংক লিঃ এর ঋণ পনঃতফসিলিকরণের জন্য বিআরপিডি সার্কলার নং-৫ মোতাবেক আবেদন করলে, ব্যাংক তা নামঞ্জর করায় আপীল বিভাগে আপীল করা হয়েছে। উত্তরা ব্যাংক এর জারী মামলা চলমান আছে।

৭। **ভবিষ্যৎ পরিকল্পনাঃ** কোম্পানির কার্যক্রম বৃদ্ধি এবং প্রতিবন্ধকতা দূর করে সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে পর্ষদে ২০২৫-২০২৬ আর্থিক বছরের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) ঋণ পুনঃতফসিলিকরণ, চলতি মূলধন/তহবিল সংগ্রহের ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রচেষ্টা অব্যাহত আছে;

খ) নিজস্ব উদ্যোগে কাচামাল আমদানীর ক্ষেত্রে সিআইবি এর রিপোর্ট অনুকূলে না থাকায় যে অন্তরায় সৃষ্টি হয়েছে তা সমাধানের চেষ্টা চালিয়ে যাওয়া।

গ) কোম্পানির উৎপাদন কার্যক্রম শুরু করা এবং গতিশীল রাখার জন্য পরবর্তীতে কোম্পানির স্থাপনা, জমি ও মেশিনারীজসমূহের BMRE এর পদক্ষেপ গ্রহণ করা হবে।

পরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ দূরীভূত করার প্রচেষ্টা অব্যাহত রাখা, এবং কোম্পানির কার্যক্রম সুষ্টভাবে পরিচালনার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।

৮। **আগামি আর্থিক বছরের প্রত্যাশাঃ** কোম্পানির চলতি মূলধনের ব্যবস্থা করা, স্থানীয় সরবরাহকারীগণ এর নিকট থেকে বাকিতে কাচামাল সংগ্রহ করে উৎপাদন শুরুর ব্যবস্থা করা। ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরণসহ সিআইবি এর তালিকা থেকে কোম্পানির নাম বাদ দেয়ার উদ্যোগ গ্রহণ করা। বর্তমান বাস্তবতায় প্রত্যাশা পূরণে প্রতিবন্ধকতা থাকলেও সর্বাত্নক প্রচেষ্টা থাকবে কোম্পানির কার্যক্রম শুরু ও অব্যাহত রাখা।

৯। **কোম্পানির পণ্যসমূহ ঃ** ইউপিভিসি পাইপ ও পিভিসি প্রোফাইল।

১০। **বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষন, মোট প্রান্তিক মনাফা এবং নীট প্রান্তিক মনাফা ঃ**

ক) **বিক্রিত পণ্যের ব্যয় ঃ** চলতি বছরে বিক্রিত পণ্যের ব্যয় ছিল ১২,১২০,৩৫২ /- টাকা যা বিগত বছরে ছিল ৬৯,১৬৩,৭০০/- টাকা। চলতি বছর উৎপাদন কার্যক্রম বন্ধ আছে।

খ) **মোট মনাফা ঃ** ৩০ শে জুন ২০২৫ সমাপ্ত অর্থবছরে মোট বিক্রয় হয়েছে ১০,০৮,৭৪৭/- টাকা। গত বছরের বিক্রয়ের পরিমান ছিল ৪৯,৮৮৫,০৫১/- টাকা। এ বছর মোট ক্ষতি হয়েছে ১১,১১১,৬০৫/- টাকা, যা গত বছর ক্ষতি ছিল ১৯,২৭৮,৬৫০/- টাকা। এ বছর কোন মনাফা অর্জিত হয়নি।

গ) **নীট মনাফা/লোকসান ঃ** চলতি বছর কর পরবর্তী নীট লোকসান হয়েছে ৫,৪১,৩৯,২০১/- টাকা। এ বছরে বিক্রয় ব্যয় এবং Write off করার জন্য নীট লোকসান বেশী হয়েছে।

১১। **উৎপাদিত পণ্যের ব্যয় ঃ** নিজস্ব উদ্যোগে সরাসরি এল/সি খুলে কাচামাল আমদানী করার সুযোগ না থাকায় স্থানীয় সরবরাহকারীর নিকট থেকে বাকিতে তুলনামূলক বেশী মূল্যে কাচামাল ক্রয় করার কারণে উৎপাদিত পণ্যের ব্যয়ের (COGS) হার তুলনামূলকভাবে বেশী হয়।

১২। **খাতওয়ারি অথবা পণ্য ভিত্তিক ফলাফল ঃ** উৎপাদন কার্যক্রম বন্ধ থাকায় পণ্য ভিত্তিক ফলাফল প্রতিফলিত হয়নি।

১৩। **গত বছরের পরিচালনগত ফলাফলের সহিত চলতি বছরের ব্যবধান ঃ**

গত বছরের তুলনায় চলতি বছরে বিক্রয় কম হওয়ায় গত বছরের তুলনায় এরূপ ব্যবধান পরিলক্ষিত হয়েছে।

১৪। **মূলধনী বিনিয়োগ ঃ** চলতি অর্থ বছরে কোম্পানীতে উৎপাদক সহায়ক যন্ত্রপাতিতে কোন মূলধনই বিনিয়োগ করা হয়নি।

১৫। **অস্বাভাবিক লাভ বা ক্ষতি ঃ** চলতি অর্থবছরে উৎপাদন কার্যক্রম সম্পূণ বন্ধ থাকায় বিক্রয় কার্যক্রম কম হয়েছে কিন্তু অন্যান্য খরচ ঠিক থাকার ফলে নীট লোকসান হয়েছে ৩,৪৬,৮০,৬৫০/- টাকা।

১৬। **অবন্টিত/অদাবীকত লভ্যাংশ ঃ** তিন বছর পূর্বের অবন্টিত/অদাবীকত লভ্যাংশের সকল টাকা "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড" (CMSF), এ জমা প্রদান করা হয়েছে। অবন্টিত/অদাবীকত শেয়ারহোল্ডারদের নামের তালিকা কোম্পানির Website এ দেওয়া হয়েছে।

১৭। **আন্তঃসম্পর্কিত কোম্পানির লেনদেনসমূহ ঃ** এ বছর আন্তঃসম্পর্কিত কোন লেনদেন সম্পন্ন হয়নি।

১৮। **কোম্পানির কর্পোরেট প্রতিবেদন ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের দিক নির্দেশনানুযায়ী পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণকে নিশ্চিত করছে যে,

(ক) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী পরিষ্কারভাবে এর কাজের অবস্থা, ফলাফল ও অর্থ প্রবাহের অবস্থা স্বচ্ছতার সাথে তুলে ধরা হয়েছে।

(খ) কোম্পানির হিসাব যথাযথভাবে নথিভুক্ত করা হয়েছে এবং সেগুলি সংরক্ষিত রয়েছে।

(গ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং সে বিবরণীসমূহ বিচক্ষণতার সাথে সম্পন্ন করা হয়েছে।

(ঘ) বাংলাদেশের জন্য গৃহীত আন্তর্জাতিক হিসাব মান (IAS) এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) অনুসরণ করে আর্থিক বিবরণীসমূহ তৈরী করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তা যথাযথভাবে প্রকাশ করা হয়েছে।

(ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সঠিকভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করা হয়েছে।

(চ) কোম্পানি একটি চলমান প্রকল্প হিসেবে চালু রয়েছে। নিরীক্ষিত হিসাব বিবরণীর টিকা-১.৮

(ছ) এ প্রতিবেদনে গত বৎসরের পরিচালন ফলাফল থেকে তাৎপর্যপূর্ণ বিচ্যুতির উপর আলোকপাত করা হয়েছে এবং তার কারণসমূহ ব্যাখ্যা করা হয়েছে।

(জ) পূর্ববর্তী পাচ বছরের আর্থিক ও পরিচালনার প্রধান তথ্যগুলি যথাযথভাবে পরিচালকবৃন্দের প্রতিবেদনের ৩৯ নং টিকায় সন্নিবেশিত হয়েছে।

(ঝ) ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্ত অর্থবছরে পরিচালনা পর্ষদের মোট ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে, সভায় পরিচালকবৃন্দের উপস্থিতির বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক নং | পরিচালকগনের নাম | পদবী | সভা | উপস্থিতি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাঃ আব্দুল হালিম | চেয়ারম্যান | ৫ | ৫ |
| ০২ | জনাব মোঃ আহসান উল্লাহ্ | উদ্যোক্তা পরিচালক | ৫ | ৫ |
| | ইঞ্জিঃ শাহজাহান শিকদার | বিকল্প পরিচালক | | |
| ০৩ | জনাব মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ৫ | ৫ |
| | জনাব ডঃ আলী আহমেদ হাওলাদার | বিকল্প পরিচালক | | |
| ০৪ | জনাব ডঃ স্বপন কুমার ধর | স্বতন্ত্র পরিচালক | ৫ | ৫ |
| ০৫ | জনাব জামাল উদ্দিন ভুইয়া | স্বতন্ত্র পরিচালক | ৫ | ৫ |
| ০৬ | জনাব ডঃ মোঃ আব্দুস সালাম | স্বতন্ত্র পরিচালক | ৫ | ৪ |
| ০৭ | জনাব ডঃ মোঃ মজিবর রহমান | স্বতন্ত্র পরিচালক | ৫ | ৩ |

যে সকল পরিচালকগণ সভায় উপস্থিত থাকতে পারেননি তাদের ছুটি পর্ষদ কর্তৃক অনুমোদন করা হয়েছে।

(ঞ) শেয়ার হোল্ডিং এর ধরণ নিরীক্ষিত হিসাব বিবরনীর ৮নং টিকায় উল্লিখিত হয়েছে।

i) কোম্পানির কোন সহযোগী প্রতিষ্ঠান নেই।

ii) পরিচালকগণ কর্তৃক ধারণকৃত শেয়ারের পরিমান ১ জুলাই ২০২৪ থেকে ৩০ জুন ২০২৫ পর্যন্ত নিম্নরূপ ছিল।

| পরিচালকগণের নাম | পদবী | শেয়ার সংখ্যা | শতাংশ হার (%) |
|---|---|---|---|
| জনাব মোহাঃ আব্দুল হালিম | উদ্যোক্তা পরিচালক | ১১০৪৪২ | ২.০৭ |
| জনাব মোঃ আহসান উল্লাহ্ | উদ্যোক্তা পরিচালক | ২২৮২৯৮ | ৪.২৭ |
| জনাব মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ২৫৭৭৯০ | ৪.৮২ |
| জনাব ড. স্বপন কুমার ধর | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |
| জনাব জামাল উদ্দিন ভুইয়া | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |
| জনাব ডঃ মোঃ আব্দুস সালাম | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |
| জনাব ডঃ মোঃ মজিবর রহমান | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |

**ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা এবং তাদের স্ত্রীদের কোম্পানির শেয়ার মালিকানার অবস্থান ৩০-০৬-২০২৫ তারিখে নিম্নরূপ ছিল।**

| ক্রমিক নং | নাম | শেয়ারের সংখ্যা | স্ত্রীর নাম | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | এ এইচ এম জাকারিয়া<br>ব্যবস্থাপনা পরিচালক | ০ | সাবরিনা নাইস | ০ |
| ০২ | মোঃ সাইফুল ইসলাম<br>ব্যবস্থাপক (ফাইনান্স এন্ড একাউন্টস) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি) | ০ | সৈয়দা জিনাত আরা | ০ |
| ০৩ | মোঃ মকবুল হোসেন<br>কোম্পানি সচিব (সি.সি) | ০ | রোমেনা বিনতে হক | ০ |
| ০৪ | মোঃ মোস্তাকিম<br>অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা | ০ | ইভা খানম | ০ |

iii) পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা ব্যতীত শীর্ষ ৫ (পাচ) জন বেতনভগী কর্মকর্তার শেয়ার মালিকানার অবস্থান ৩০-০৬-২০২৫ তারিখে নিম্নরূপ ছিল ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তফা কামাল | কারখানা ব্যবস্থাপক | ০ |
| ০২ | মোঃ সিরাজুল ইসলাম | প্রোডাকশন ইনচার্জ | ০ |
| ০৩ | মোঃ ইদ্রিস আলী | হিসাব রক্ষক | ০ |
| ০৪ | মোঃ নরুল ইসলাম মোল্লা | বিক্রয় কর্মকর্তা | ০ |
| ০৫ | মোঃ বকুল মিয়া | কর্মকর্তা, শেয়ার বিভাগ | ০ |

iv) প্রতিষ্ঠান বা এককভাবে ১০ শতাংশের বেশী শেয়ারধারণকারী কোন শেয়ারহোল্ডার বর্তমানে নেই।

**১৯। পরিচালকবন্দের অবসর ও পনঃনির্বাচন ঃ**

i) পরিচালকদের সংক্ষিপ্ত জীবন বত্তান্ত বার্ষিক প্রতিবেদনের ৭ ও ৮নং পষ্ঠায় বর্ণিত রয়েছে।

ii) পরিচালকদের অভিজ্ঞতা তাদের জীবন বত্তান্তে উল্লেখ রয়েছে।

iii) ২০২৪-২০২৫ অর্থবছরে নিম্নলিখিত ব্যক্তিবর্গ কোম্পানির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

| ক্রমিক নং | পরিচালকগনের নাম | পদবী | কার্যকাল | কমিটি পদ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাঃ আব্দল হালিম | পরিচালক উদ্যোক্তা | | |
| ০২ | জনাব মোঃ আহসান উল্লাহ্ | পরিচালক উদ্যোক্তা | | |
| ০৩ | মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক কার্যক্রম | শুরুথেকে পর্ষদে আছেন | |
| ০৪ | জনাব জামাল উদ্দিন ভইয়া | স্বতন্ত্র পরিচালক | ১৪-০৭-২০২৩ তারিখ থেকে পর্ষদে আছেন | চেয়ারপারসন,অডিট ও NRC কমিটি |
| ০৫ | জনাব ডঃ স্বপন কমার ধর | স্বতন্ত্র পরিচালক | দ্বিতীয় মেয়াদে পর্ষদে আছেন | সদস্য, অডিট কমিটি |
| ০৬ | জনাব ডঃ মোঃ আব্দস সালাম | স্বতন্ত্র পরিচালক | ১৭-০৯-২০২৩ তারিখ থেকে পর্ষদে আছেন | চেয়ারপারসন, উপ-কমিটি |
| ০৭ | জনাব ডঃ মোঃ মজিবর রহমান | স্বতন্ত্র পরিচালক | ১৭-০৯-২০২৩ তারিখ থেকে পর্ষদে আছেন | সদস্য, উপ-কমিটি |

উদ্যোক্তা পরিচালক জনাব মোহাঃ আহসান উল্লাহ কোম্পানির সংঘ বিধির ১২৮ ও ১২৯ ধারা অনযায়ী পরিচালক পদ থেকে অবসর নিবেন এবং উক্ত বিধির ১৩০ ধারা অনযায়ী পনর্নির্বাচনের ইচ্ছা প্রকাশ করেন, যোগ্যবিধায় তাকে পনর্নিয়োগের সপারিশ করা হ'ল। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/২০০৬-১৫৮/২০৭/Admin/৮০ তারিখঃ ৩ জন ২০১৮ এর Condition ১.(২) (ব) মোতাবেক স্বতন্ত্র পরিচালকগণ ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হওয়ায় স্বতন্ত্র পরিচালক ডঃ স্বপন কমার ধর ও জামাল উদ্দিন ভইয়া এছাড়া অতিরিক্ত স্বতন্ত্র পরিচালক ডঃ মোঃ আব্দস সালাম ও ডঃ মোঃ মজিবর রহমান কে অবসর ও পনর্নির্বাচনের আওতায় নেওয়া হয়নি।

**২০। স্বতন্ত্র পরিচালক পনর্নিয়োগ অনমোদনঃ** কোম্পানির স্বতন্ত্র পরিচালক জনাব, ডঃ স্বপন কমার ধর এর প্রথম মেয়াদ শেষ হাওয়ায় কোম্পানির পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক জনাব, ডঃ স্বপন কমার ধর কে স্বতন্ত্র পরিচালক হিসেবে ২য় মেয়াদের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। যাহা অনমোদনের জন্য বার্ষিক সাধারন সভায় উপস্থাপন করছে।

**২১। কোম্পানি সচিব এর চলতি দায়িত্ব ঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের ২৬৭তম সভায় জনাব মোঃ মকবল হোসেন কে কোম্পানি সচিব এর চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।

**২২। চলমান-ব্যবসায় প্রতিষ্ঠান ঃ** পরিচালনা পর্ষদ প্রত্যাশা করে যদি বর্তমান পরিস্থিতি এবং বিশ্ব অর্থনৈতিক সংকট যথাযথভাবে মোকাবেলা, ঋণ পনঃতফসিলিকরণ, চলতি মলধনের ব্যবস্থা করা এবং উৎপাদন চালর সক্ষমতা ও অবকাঠামোগত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা যায় তবে অত্র কোম্পানি ভবিষ্যতেও তার কার্যক্রম সষ্ঠভাবে চালিয়ে যেতে সক্ষম হবে।

**২৩। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ঃ** কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি বিদ্যমান রয়েছে কমিটি নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করছে এবং এক্ষেত্রে একজন অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা দায়িত্ব পালন করছেন।

**২৪। নিরীক্ষকের প্রতিবেদনে উল্লেখিত ৬টি বিষয়ে শর্তযক্ত মতামত এবং ১টি বিষয়ে গুরুত্ব আরোপের প্রেক্ষিতে আমাদের ব্যাখ্যা নিম্নরূপ ঃ**

১. ৩০ জন, ২০২৫ পর্যন্ত সময়ে আর্থিক প্রতিবেদনের বিবতিতে Property, Plant, and machineries এর মল্য ২২৮,১৮১,৪৩০ টাকা

প্রতিফলিত হয়েছে। নিরীক্ষাকালীন সময়ে ভূমি ও ভূমি উন্নয়ন বিল্ডিং অন্যান্য নির্মান এবং যন্ত্রপাতি ব্যতীত আপনাদের নিরীক্ষা পরবর্তী সময় থেকে রেজিষ্ট্রারসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষন করা হবে।

২. কোম্পানি বন্ধ থাকায় Inventory তে মজুদ Raw material গুলো আপাততঃ ব্যবহার করা যাচ্ছে না, উৎপাদন পুনরায় শুরু করলে উক্ত মালামাল গুলো ব্যবহার করা হবে। Finished Goods থেকে কিছু কিছু বিক্রি হচ্ছে উৎপাদন শুরু করলে বাকী গুলোও বিক্রি করা যাবে।

৩. কোম্পানির উৎপাদন কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় Account Receivable এর কিছু টাকা ডিলারদের নিকট বকেয়া রয়েছে। আমরা আশা করছি উৎপাদন ও বিক্রয় কার্যক্রম চালু হলে বকেয়া টাকা আদায় করা সহজ হবে। কোম্পানি কর্তৃক ডিলারদের সাথে নিয়মিত মৌখিক যোগাযোগ, লিখিত তাগাদাপত্র প্রেরণ, আইনি নোটিশ প্রেরণ এবং ক্ষেত্রবিশেষে মামলা করার মাধ্যমে Account Receivable এর বকেয়া টাকা আদায়ের প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

৪. অগ্রিম খাতে মোট ১৭,৫৪৬,০০৯/- টাকার মধ্যে অগ্রিম আয়কর বাবাদ ১১,৫৫০,৪৫৭/- টাকা এবং অসমন্বিত ভ্যাট বাবাদ ৩২৬,০২২/- টাকা সিকিউরিটি ডিপোজিট হিসেবে ৪৫২,০৭০/- টাকা রয়েছে, যেগুলোর সমন্বয় প্রক্রিয়া দীর্ঘমেয়াদী। স্টাফদেরকে বেতন এবং অফিসিয়াল কাজের কারণে প্রদত্ত অগ্রিম দৈনন্দিন কাজের অংশ যা নিয়মিতভাবে সমন্বয় করা হয়।

৫. উত্তরা ব্যাংক লিঃ এর ঋণ হিসাবটি মন্দ ঋণে পরিণত হয়েছে। আমরা বারবার ব্যাংকের নিকট থেকে হিসাব বিবরণী প্রদানের জন্য আবেদন করলেও ব্যাংকের নিকট থেকে যথাযথ হিসাব বিবরণী পাওয়া যায়নি। উক্ত ব্যাংকটির সাথে মামলা চলমান রয়েছে।

৬. ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর ঋণ হিসাবটি মন্দ ঋণে পরিণত হয়েছে। আমরা বারবার ব্যাংকের নিকট থেকে হিসাব বিবরণী প্রদানের জন্য আবেদন করলেও ব্যাংকের নিকট থেকে যথাযথ হিসাব বিবরণী পাওয়া যায়নি। উক্ত ব্যাংকটির সাথে মামলা চলমান রয়েছে।

সিআইবি এর রিপোর্ট কোম্পানির অনুকূলে না থাকায় কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে আর্থিক সুবিধা নিতে পারেনা। যার ফলশ্রুতিতে কোম্পানি বিভিন্ন সময়ে তারল্য সংকটে পড়েছে। কারণ করোনা ভাইরাসের প্রার্দুভাব, কাচামালের উচ্চ মূল্য দুষ্প্রাপ্যতায় উৎপাদন কার্যক্রম বন্ধ ছিল। বিআরপিডি সার্কুলার নং-৫ মোতাবেক ব্যাংকগুলিকে ঋণ পুনঃতফসিলিকরণের জন্য আবেদন মঞ্জুর হলে আর্থিক সংকট দূর হবে বলে আশা করি। কারখানার উৎপাদন কার্যক্রম চালু হলে, নিয়মিত উৎপাদন এবং বিক্রয় কার্যক্রম পরিচালনা করে সূচকের উন্নতি সাধনে সক্ষম হব। কোম্পানি ঋণ সংক্রান্ত জটিলতা চলতি মূলধনের ব্যবস্থা ইত্যাদি প্রতিবন্ধকতা দূরকরে উৎপাদন কার্যক্রম নিরবিচ্ছিন্ন রেখে চলমান প্রতিষ্ঠান হিসেবে এগিয়ে যাবে বলে পর্ষদ আশাবাদ ব্যক্ত করেছেন।

**গুরুত্বারোপ বিষয়ঃ-** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিয়মানুযায়ী পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির ক্ষেত্রে স্বতন্ত্র পরিচালক ছাড়া, উদ্যোক্তা পরিচালক ও পরিচালকদের শেয়ার ধারণ সম্মিলিতভাবে ৩০ শতাংশ থাকার বাধ্যবাধকতা রয়েছে। কমিশনের প্রজ্ঞাপন ও নির্দেশনা মোতাবেক সম্মিলিতভাবে পরিচালকদের পরিশোধিত শেয়ারের ৩০% শেয়ারধারণের বিষয়ে দুইজন অতিরিক্ত স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে এবং একটি সাব-কমিটি গঠন করা হয়েছে।

২৫। **মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন ঃ** প্রশিক্ষিত জনবল দ্বারা উৎপাদন প্রক্রিয়ায় মাননিয়ন্ত্রনের মাধ্যমে গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদন করে গ্রাহক সেবা সমুন্নত রাখতে কোম্পানি আন্তরিক। সে লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সার্বিক মান ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কারিগরি, তথ্য প্রযুক্তিগত ও আধুনিক প্রশিক্ষণে প্রশিক্ষিত করে পেশাগত জ্ঞানে দক্ষ করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করে থাকে।

২৬। **প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও)/পুনঃগণপ্রস্তাব (আরপিও)/রাইটস অফার (আরও) ঃ** কোম্পানিতে আলোচ্য সময়ে প্রাথমিক গণপ্রস্তাব, পুনঃগণপ্রস্তাব ও রাইটস অফার সংক্রান্ত কার্যাদি সংগঠিত হয়নি।

২৭। **পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হইতে প্রাপ্ত তহবিলের ব্যবহারঃ** এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু করা হয়নি।

২৮। **ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদনের মধ্যে পরিবর্তন ঃ** আলোচ্য সময়ের বার্ষিক প্রতিবেদনের সাথে ত্রৈমাসিক প্রতিবেদনের উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে। চলতি বছর বিক্রয় কম এবং বকেয়া তুলনামূলক হারে আদায় কম হওয়ায় পূর্ববর্তী বছরের তুলনায় NOCFPS ঋনাত্মক বৃদ্ধি পেয়েছে।

২৯। **প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ** আজিজ পাইপস্ লিঃ সর্বদাই সকল প্রকার আইন ও নীতিমালা এবং কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালনে অঙ্গীকারাবদ্ধ। প্রাতিষ্ঠানিক সুশাসন চলমান রাখার নিমিত্তে কোম্পানি বিএসইসি, ডিএসই, সিএসই, সরকারী ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম ও আইনকানুন কঠোরভাবে পালন করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত নোটিফিকেশন মোতাবেক কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালন সম্পর্কিত বিষয়ে ৪৩তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিরীক্ষা প্রতিষ্ঠান এইচ এম এনাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে নিয়োগ করা হয়েছে।

৩০। **বহিঃনিরীক্ষক নিয়োগ ঃ** বর্তমান নিরীক্ষক মেসার্স অনিল সালাম ইদ্রিস এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ২০২৪-২০২৫ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে বার্ষিক সাধারন সভা কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়েছিল। সে মোতাবেক ৪৪তম বার্ষিক সাধারন সভায় অবসর গ্রহণ করবে। ২০২৫-২০২৬ আর্থিক বছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য উক্ত প্রতিষ্ঠান আবেদন করেছেন। পরিচালনা পর্ষদ উক্ত আবেদন পর্যালোচনা করে এবং অডিট কমিটির সুপারিশের আলোকে যোগ্য হওয়ায় বার্ষিক ১,৭৫,০০০/- (এক লক্ষ পচাত্তর হাজার) টাকা পারিশ্রমিকে মেসার্স অনিল সালাম ইদ্রিস এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে ২০২৫-২০২৬ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সুপারিশসহ উপস্থাপন করছে।

৩১। **CGC পরিপালন বিষয়ে নিরীক্ষক নিয়োগঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/২০০৬-১৫৮/২০৭/অফসরহ/৮০ তারিখ জন ৩, ২০১৮ অনযায়ী Corporate Governance Code কোম্পানি পরিপালন করছে কিনা এ বিষয়ে নিরীক্ষক বার্ষিক সাধারণ সভায় নিয়োগ করতে হবে। পরিচালনা পর্ষদ ২০২৫-২০২৬ আর্থিক বছরের CGC পরিপালন সম্পর্কিত বিষয়ে যে সকল নিরীক্ষা প্রতিষ্ঠানগুলি নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য আবেদন করেছে, তাদের আবেদনগুলি পর্যালোচনা করে এবং নিরীক্ষা কমিটির সপারিশের আলোকে সর্বনিম্ন দরদাতা ও যোগ্য হওয়ায় ৪৬,০০০/- (ছিয়াচল্লিশ হাজার) টাকা পারিশ্রমিকে এইচ এম এনাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কে ২০২৫-২০২৬ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সপারিশসহ উপস্থাপন করছে।

৩২। আজিজ পাইপস্ লিমিটেড ইপিভিসি পাইপ প্রস্তুতকারী একটি শিল্প প্রতিষ্ঠান ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয়েছে। কোম্পানিটি ১৯৮৫ সালে বাণিজ্যিকভাবে উৎপাদন কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটি ১৯৮৬ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং ১৯৯৫ সালে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর তালিকাভক্ত হয়। বর্তমানে কোম্পাটির পরিশোধিত মলধন ৫,৩৪,৭১,২৫০ টাকা অনমোদিত মলধন ৫০.০০ কোটি টাকা।

**বর্তমান পরিস্থিতি মল্যায়ন ঃ** কোম্পানির উৎপাদিত পণ্যের প্রধান উপাদান কাচামাল না থাকায় উৎপাদন বন্ধ আছে। কোভিড-১৯ করোনা ভাইরাস প্রার্দভাব ও পরবর্তীতে বৈশ্বিক পরিস্থিতির কারণে উৎপাদন ব্যহত হয়েছে। চলতি মলধনের অভাবে কাচামাল ক্রয়ে অপারগ হওয়ায় উৎপাদন কার্যক্রম বন্ধ আছে। ব্যাংকগুলির সাথে অমীমাংসিত ঋণের সমস্যার আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণের ব্যবস্থা করা যাচ্ছে না। উৎপাদন কার্যক্রম বন্ধ থাকার পর পনরায় স্থানীয় বাজার থেকে তলনামলক বেশী দরে কাচামাল ক্রয় করে উৎপাদন চাল রাখার চেষ্টা করা হয়েছে। সরবরাহকারীগণ বাকিতে কাচামাল সরবরাহে অপারগতা প্রকাশ করায় কাচামাল মজত না থাকায় বর্তমানে উৎপাদন কার্যক্রম সম্পর্ণ বন্ধ রয়েছে।

**উন্নয়ন পরিকল্পনা ঃ** আজিজ পাইপস্ লিমিটেড বর্তমান প্রতিবন্ধকতা দর করার জন্য নিম্নোক্ত পরিকল্পনাসমহ গ্রহণ করেছেঃ

১) **আর্থিক পনর্গঠন ঃ** কোম্পানি ঋণ খেলাপী হওয়ায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে আর্থিক সবিধা পাচ্ছে না। ব্যাংকগুলির সাথে আলোচনা অব্যাহত আছে এবং ঋণ পনঃতফসিলকরনের জন্য বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কলার নং-৫ মোতাবেক আবেদন করা হয়েছে।

২) **কাচামাল সরবরাহ নিশ্চিতকরণঃ** আর্থিক সবিধাদি পেলে কোম্পানি নিজস্ব উদ্যোগে এল/সি খলে কাচামালের যোগান নিশ্চিত করবে।

৩) **মলধন ভিত্তি শক্তিশালী করণঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বরাবরে আবেদন করবে পজি সংগ্রহের মাধ্যমে মলধন ভিত্তি শক্তিশালী করার জন্য।

৪) **অপারেশন দক্ষতা ঃ** আজিজ পাইপস্ লিমিটেড পরিচালনব্যয় কমিয়ে দক্ষ জনবল রেখে উৎপাদন প্রক্রিয়ায় পরিচালনা করবে।

৫) **বাজার সম্প্রসারণ ঃ** বাজারে ভালোমানের পণ্যের চাহিদা এখনও আছে। আজিজ পাইপ গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদন করে তাদের কাঙ্খিত লক্ষমাত্রা অর্জনে বাজার সম্প্রসারনের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৬) **পণ্য বৈচিত্র্যকরণ ঃ** পাইপ এর পাশাপাশি সংশ্লিষ্ট ক্ষেত্রে চাহিদা মোতাবেক প্লাষ্টিক জাতীয় পণ্য উৎপাদন করার পরিকল্পনা গ্রহণ করা হবে।

**কর্মপরিকল্পনাসমহ ঃ** কোম্পানির কার্যক্রম বদ্ধি এবং প্রতিবন্ধকতা দর করে সষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) ঋণ পনঃতফসিলিকরণ, চলতি মলধন/তহবিল সংগ্রহের ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

খ) CIB এর রিপোর্ট অনকলে না থাকায় নিজস্ব উদ্যোগে কাচামাল আমদানীর ক্ষেত্রে অন্তরায় সষ্টি হয়েছে তা সমাধানের চেষ্টা চালিয়ে যাওয়া।

গ) কোম্পানির উৎপাদন কার্যক্রম চাল ও গতিশীল রাখার জন্য পরবর্তীতে কোম্পানির স্থাপনা, জমি ও মেশিনারীজসমহের BMRE এর পদক্ষেপ গ্রহণ করা হবে।

ঘ) মলধন বাড়ানো ঃ পরিশোধিত মলধন বাড়ানোর জন্য কোম্পানিকে লাভজনকভাবে পরিচালিত করে লভ্যাংশ প্রদানের মাধমে Category উন্নিত করনের মাধ্যমে নিয়ন্ত্রনকারী সংস্থার বিধি মোতাবেক পরিশোধিত মলধন বাড়ানো হবে।

ঙ) নিজস্ব অর্থায়নে আমদানিঃ ব্যাংকের ঋণ পনঃতফসিলিকরন করে সিআইবি এর রিপোর্ট অনকলে আসলে নিজস্ব অর্থায়নে এল/সি খলে মাল আমদানি করা হলে স্থানীয় বাজার থেকে ক্রয়কত কাচামালের চেয়ে তলনামলক কম দামে আমদানি করা যাবে, যাতে করে লাভের পরিমান বেশী হবে।

চ) উৎপাদন ক্ষমতার সর্বোচ্চ ব্যবহার ঃ বর্তমানে উৎপাদন ক্ষমতা বেশী থাকলেও কাচামালের যোগানের অভাবে উৎপাদন ক্ষমতার তলনায় কম ব্যবহৃত হচ্ছে। উৎপাদন ক্ষমতার সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে লাভজনকভাবে চালানোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

আজিজ পাইপস্ লিমিটেড এর অতীত ইতিহাস গৌরবময়। ১৯৮৫ সাল থেকে ১৯৯৮ সাল পর্যন্ত কোম্পানি বিনিয়োগকারীদের প্রতি বছর লভ্যাংশ প্রদান করে স্বনামধন্য প্রতিষ্ঠানে পরিনত হয়েছে। গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদনে দেশে এখনও অন্যতম আজিজ পাইপ। কোম্পানির পরিচালনা পর্ষদ আশা করে ব্যাংকগুলির ঋণ পনঃতফসিলিকরনসহ সিআইবি রিপোর্ট অনকলে আসলে নিজস্ব উদ্যোগে এল/সি খলে কাচামালের সরবরাহ নিশ্চিত করে উৎপাদন কার্যক্রম পরিচালনা করে বর্তমান অবস্থা থেকে উত্তরণ করা সম্ভব হবে। কাভিড-১৯ করোনা ভাইরাসের প্রার্দভাবে ও রাশিয়া-ইউক্রেন যদ্ধ পরবর্তী সময়ে কোম্পানির আর্থিক ক্ষতিগ্রস্থতা ও নানা প্রতিকলতা দঢ়তার সাথে মোকাবেলা করে চলতি মলধন সংগ্রহ করে উৎপাদন চালর মাধ্যমে প্রবদ্ধি ও মনাফা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রেখে সফলভাবে প্রতিষ্ঠান পরিচালনা করতে সামর্থ্য হবে।

৩৩। **Independent Scrutinizer নিয়োগঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের Directive No. BSEC / CMRRCD / ২০০৯-১৯৩/০৮ তারিখ মার্চ ১০, ২০২১ অনযায়ী কোম্পানির ৩০ জন ২০২৫ তারিখে সমাপ্ত আর্থিক বছরের অনষ্ঠিতব্য ৪৪তম বার্ষিক সাধারণ সভা যথাযথভাবে নিয়মনীতি পরিপালন করেছে কিনা, সে বিষয়ে Independent Scrutinizer নিয়োগ করতে হবে। উক্ত Independent Scrutinizer বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বা সংযক্ত থেকে Voting সহ অন্যান্য কার্যাদি যথাযথভাবে পরিপালনের বিষয়টি নিরীক্ষন করবে এবং বার্ষিক সাধারণ সভা শেষে যথাসময়ে কমিশন বরাবরে প্রতিবেদন দাখিল করবেন। কোম্পানির ৪৪তম বার্ষিক সাধারণ সভায় Independent Scrutinizer হিসেবে নিয়োগের জন্য নিরীক্ষা প্রতিষ্ঠানের আবেদন এর উপর বিস্তারিত আলোচনা শেষে অডিট কমিটির সপারিশ, কাজের পর্ব অভিজ্ঞতা ও যোগ্য হওয়ায় এস ইসলাম এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টসকে কার্যসম্পাদনের জন্য Independent Scrutinizer হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

৩৪। **অডিট কমিটি ঃ** অডিট কমিটি চারজন পরিচালক নিয়ে গঠিত। অডিট কমিটির উদ্দ্যেশ্য হচ্ছে কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সনির্দিষ্ট ও সচারুরূপে পরিচালনা নিশ্চিত করা এবং পরিচালনা পর্ষদকে তথ্য প্রদান করে সহযোগিতা করা। তাছাড়াও বার্ষিক হিসাব বিবরণী ও ত্রৈমাসিক (Quarterly) হিসাব বিবরণীসমহ পর্যালোচনা করে মতামতসহ পরিচালনা পর্ষদে উপস্থাপনের সপারিশ করা। অডিট কমিটির প্রতিবেদন আর্থিক প্রতিবেদনের ১৮নং পাতায় প্রকাশ করা হয়েছে।

৩৫। **নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটি** (NRC) ঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ৩ জন ২০১৮ এর Condition No. ৬ মোতাবেক কোম্পানির বোর্ডে সাব কমিটি হিসেবে Nomination and Remuneration Committee (NRC) দায়িত্ব পালন করছে। ২০২৪-২০২৫ আর্থিক বছরে কমিটির ১টি সভা অনষ্ঠিত হয়েছে। NRC এর প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনের ২০ নং পাতায় প্রকাশ করা হয়েছে।

৩৬। **আর্থিক বিবতির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা এর আর্থিক প্রতিবেদনের দায়বদ্ধতা ঃ**

আর্থিক বিবতি পরিক্ষা করা এবং সনদ প্রদান করা ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তার দায়িত্ব। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা (সি.সি) অক্টোবর ২৭, ২০২৫ তারিখে অনষ্ঠিত পর্ষদ সভায় সনদ উপস্থাপন করেন, যা বার্ষিক প্রতিবেদনের ২২নং পাতায় Annexure-A তে সন্নিবেশিত করা হয়েছে।

৩৭। **কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট ঃ** াংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ৩ জন ২০১৮ তারিখের Corporate Governance Code অনযায়ী “কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট” Annexure-B ও C বার্ষিক প্রতিবেদনের ২৩ ও ২৪নং পষ্ঠায় প্রকাশ করা হয়েছে।

৩৮। **অতিরিক্ত ২জন স্বতন্ত্র পরিচালক নিয়োগ সংক্রান্ত ঃ** কোম্পানির উদ্যোক্তা ও পরিচালকদের সম্মিলিতভাবে পরিশোধিত শেয়ারের ৩০ শতাংশ শেয়ারধারণ না থাকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পত্র নং- BSEC/ICAD/SRIC/2023/257/225 Dated September ০৩, ২০২৩ প্রদান করেছেন। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক কোম্পানির উদ্যোক্তা ও পরিচালকদের সম্মিলিতভাবে ৩০% শেয়ার ধারণ সম্পর্কিত শর্ত পরিপালনের জন্য ২ জন অতিরিক্ত স্বতন্ত্র পরিচালক নিয়োগ করতে হবে এবং তাদের মেয়াদ হবে ৩ বছর। কোম্পানির পরিচালনা পর্ষদের ২৫৫তম (জরুরী) সভার সিদ্ধান্ত মোতাবেক ২ জন অতিরিক্ত স্বতন্ত্র পরিচালক তিন বছরের জন্য নিয়োগ করা হয়েছে। নির্দেশনা মোতাবেক একজন অতিরিক্ত স্বতন্ত্র পরিচালক কে চেয়ারম্যান নিযক্ত করে ৩ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করা হয়েছে। আর্থিক বছরে উপ-কমিটির সভা অনষ্ঠিত হয়েছে। বিএসইসি ও ঢাকা স্টক এক্সচেঞ্জ কে উপ-কমিটির সভার কার্যক্রম অবহিত করা হয়েছে এবং ডিএসই এর Compliance and Progress সম্পর্কিত পত্রের আলোকে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

৩৯। **ঝকি ব্যবস্থাপনাঃ** আমাদের ব্যবসা প্রতিষ্ঠানের বাহ্যিক ও অভ্যন্তরীণ বিভিন্ন ঝকি রয়েছে। ব্যাংক দায় পরিশোধের ক্ষেত্রে কোম্পানির ঝকি রয়েছে। তাছাড়া চলতি মলধনের অভাব, প্রতিযোগী কোম্পানিগুলির সাথে প্রতিযোগিতা, আইনি বিষয় ইত্যাদি ক্ষেত্রে ঝকি মোকাবেলার জন্য কোম্পানিকে প্রস্তুতি নিতে হবে। আজিজ পাইপস্ লিমিটেড ঝকিসমহ মোকবেলায় সার্বক্ষণিক পর্যবেক্ষণের মধ্যে রয়েছে। কোম্পানি যথাযথ পদক্ষেপ গ্রহণ করে ঝকিসমহ কাটিয়ে উঠতে সামর্থ্য হবে বলে আশা করা যায়।

৪০। **আর্থিক ফলাফলের অবস্থা ও অন্যান্য তথ্য ঃ** ৩০ জন ২০২৫ তারিখে সমাপ্ত বছর ও বিগত পাচ বৎসরের আর্থিক ফলাফলের অবস্থা ও অন্যান্য তথ্যাদি নিম্নে তলে ধরা হলোঃ

| **Particulars**<br>**Financial Position & Others Data:** | **30 June, 2025** | **30 June, 2024** | **30 June, 2023** | **30 June, 2022** | **30 June, 2021** | **30 June, 2020** |
|---|---|---|---|---|---|---|
| Total Assets | 293,192,191 | 335,306,276 | 375,533,357 | 411,319,109 | 350,562,050 | 436,862,966 |
| Total Non-Current Assets | 228,181,430 | 233,115,871 | 237,973,094 | 244,312,176 | 249,740,427 | 254,597,932 |
| Total Current Assets | 65,010,760 | 102,190,405 | 137,560,263 | 167,006,932 | 100,821,622 | 182,265,034 |
| Shareholder Equity | 253,290,070 | (199,357,794) | (141,299,691) | (104,779,310) | (80,704,973) | (76,042,917) |
| Total Liabilities | 656,482,260 | 534,664,070 | 516,833,047 | 516,098,416 | 550,915,619 | 512,905,884 |
| Total Non-Current Liabilities | 295,809,332 | 296,335,540 | 270,831,567 | 273,703,565 | 431,267,023 | 350,365,873 |
| Total Current Liabilities | 250,672,928 | 238,328,530 | 246,001,480 | 242,394,851 | 119,648,596 | 162,540,011 |
| Authorized Capital | 500,000,000 | 500,000,000 | 500,000,000 | 500,000,000 | 500,000,000 | 500,000,000 |
| Paid-up Capital | 53,471,250 | 53,471,250 | 53,471,250 | 53,471,250 | 53,471,250 | 53,471,250 |
| Dividend Recommended | No Dividend | No Dividend | No Dividend | No Dividend | No Dividend | 1% Cash |
| Current Ratio | 0.26 | 0.43 | 0.56 | 0.69 | .84 | 1.11 |
| Debt Eqiuty Ratio | (2.15) | (2.68) | (3.66) | (4.93) | (5.34) | (6.74) |
| Gross Margin Ratio | (11.01) | (38.65) | (35.51) | (81.09) | 11% | 14% |
| Net Assets Value per share | (47.37) | (37.28) | (26.43) | (19.60) | (15.09) | (14.22) |
| Net Operating Cash Flows Per Share | (0.77) | 0.29 | 0.25 | (0.60) | 0.14 | 8.02 |
| Earnings per share | (10.12) | (6.03) | (6.87) | (4.54) | (0.82) | .26 |

৪০। **অবলোপনঃ** কোম্পানির উৎপাদন কার্যক্রম শুরু থেকে বিভিন্ন কারণে Damaged/Trail Production/ Stop resin /Power failure ও Obsolete হওয়ায় কিছ অপচয়সহ, ব্যবহার ও বিক্রয় অনপোযোগী মোট ১৮২৩৭৫ কেজি মালামাল Inventory (মজদ পন্য) এর মধ্যে ছিল। উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে বিভিন্ন কারণে নষ্ট, ক্ষতিগ্রস্ত ও বেশী পরাতন স্টক, যে গুলির বাজার মল্য নেই এবং বিক্রয় অনপোযোগী সে গুলির ক্ষেত্রে বছর শেষে উৎপাদনের নির্দিষ্ট পরিমান রাইট অফ করার নীতিমালার থাকলেও বিগত বছর গুলিতে এরূপ কোন অবলোপন/ সমন্বয় করা হয়নি। এ বিষয়ে পরিচালনা পর্ষদের অনমোদন সাপেক্ষ্যে উক্ত পরিমান মালামালের মল্য ৩,৪৬,৮০,৬৫০/- টাকা অবলোপন করা হয়েছে।

৪১। **পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ঃ** পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পথক পথক ব্যক্তি নিয়োজিত রয়েছেন।

৪২। **কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা ঃ** কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তার পদসমহে পথক পথক কর্মকর্তা নিয়োজিত রয়েছেন।

৪৩। **সামাজিক দায়বদ্ধতা ঃ** প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে  ফরিদপরে মসজিদ উন্নয়নে সহায়তা করেছে।

৪৪। **পরিচালকদের সম্মানি ঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের স্বতন্ত্র পরিচালক ও অন্যান্য  পরিচালকগণ কেবলমাত্র পর্ষদ সভা ও সাব কমিটি সভায় উপস্থিতির জন্য সম্মানি পেয়ে থাকেন, তাদেরকে আর কোন সম্মানি প্রদান করা হয় না। উল্লেখ্য উদ্যোক্তা পরিচালক কোম্পানির চেয়ারম্যান জনাব মোহাম্মদ আব্দল হালিম সভায় উপস্থিতির জন্য ও চেয়ারম্যান হিসেবে প্রচলিত সম্মানি স্বপ্রণোদিত হয়ে গ্রহণ করেননা।

৪৫। **জাতীয় কোষাগারে অবদান ঃ** কোম্পানি আলোচ্য সময়ে জাতীয় কোষাগারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৪.৫০ লক্ষ টাকা কর/ভ্যাট/শুল্ক প্রদান করেছে।

৪৬। **কতজ্ঞতা স্বীকার ঃ** পরিশেষে কোম্পানিকে সকল প্রকার সহযোগিতা করার জন্য পরিচালকবন্দের পক্ষ থেকে আমি সম্মানিত শেয়ারহোল্ডারবন্দ, ক্রেতাবর্গ, ডিলারগণ, সরবরাহকারী, কর্মকর্তা কর্মচারীবন্দ, ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন এজেন্সীর কাছে কতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করছি। কোম্পানি দঢ়তার সাথে বিরূপ প্রতিকলতাগুলি অনকলে নিয়ে চলতি মলধন সংগ্রহ করে উৎপাদন চালর মাধ্যমে প্রবদ্ধি ও মনাফা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রেখে সাফল্যের ধারায় ফিরবে বলে আশাবাদ ব্যক্ত করছি। মহান আল্লাহ্‌তালাহ্‌ আমাদের সহায় হউন-আমিন।

ধন্যবাদান্তে,
পরিচালনা পর্ষদের পক্ষে,



**(মোহাম্মদ আব্দল হালিম)**
চেয়ারম্যান